ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং- পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/৩৫০/২০১৬/ ৬১৬৬ তারিখঃ ০৬/১২/২০১৬ খ্রিঃ

## পরিপত্র

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র অধিদপ্তরের পরিচালক/লাইন ডাইরেক্টরগণ মহাপরিচালককে অবহিত না করে ঢাকায় বিভিন্ন কর্মশালা বা সভায় অংশগ্রহণ করছেন অথবা ব্যক্তিগত কাজে অফিসে সময়মত উপস্থিত থাকছেন না এবং পরিচালকগণের অনুপস্থিতির সুযোগে সংশ্লিষ্ট ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণও তাঁদের ইচ্ছেমাফিক অফিসে আসা যাওয়া করছেন, যা সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধি'র সুস্পষ্ট লংঘন।

০২। এমতাবস্থায়, অত্র অধিদপ্তরের সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে বাধ্যতামূলকভাবে ঢাকার মধ্যে যে কোন কর্মশালায় বা সভায় অংশগ্রহণের ক্ষেত্রে মহাপরিচালক এর মৌখিক অনুমতি গ্রহণ এবং ঢাকার বাহিরে যে কোন কর্মসূচিতে গমণের ক্ষেত্রে নথির মাধ্যমে পূর্বানুমতি গ্রহণ পূর্বক কর্মস্থল ত্যাগের জন্য অনুরোধ করা হলো।

০৩। এছাড়াও ঢাকার বাহিরে কোন কর্মশালা বা সভায় অংশগ্রহণের ক্ষেত্রে একটি ইউনিট থেকে সর্বাধিক ০৩ (তিন) জন কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন।

০৪। অত্র অধিদপ্তরের সকল ইউনিট থেকে কর্মকর্তা-কর্মচারীদের হাজিরা খাতা মহাপরিচালকের নিকট প্রেরণের পূর্বে যে সকল কর্মকর্তা/কর্মচারী অনুপস্থিত থাকেন তাঁদের বিষয়ে মন্তব্যসহ হাজিরা খাতা প্রেরণের জন্য সংশ্লিষ্ট পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে অনুরোধ করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

(কাজী মোস্তফা সারোয়ার)
মহাপরিচালক

বিতরণ (কার্যার্থে) ঃ

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)........................................................ইউনিট, অত্র অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ।
৩। তত্ত্বাবধায়ক/পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এ অধিদপ্তর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\Ganeral Order-1.doc

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রশাসন ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং- পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/৩৫০/২০১৬/ ৬৬৬২

তারিখ: ১৯, অগ্রহায়ণ ১৪২৬
৪, ডিসেম্বর ২০১৯

বিষয়: পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন।

সূত্র: পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/৩৫০/২০১৬/৩১৩৬; তারিখ: ৩ ডিসেম্বর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পরিপত্রের মাধ্যমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে বাধ্যতামূলকভাবে ঢাকার মধ্যে যেকোন কর্মশালায় বা সভায় অংশগ্রহণের ক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের মৌখিক অনুমতি গ্রহণ এবং ঢাকার বাহিরে যে কোন কর্মসূচিতে গমনের ক্ষেত্রে নথির মাধ্যমে পূর্বানুমতি গ্রহণপূর্বক কর্মস্থল ত্যাগের জন্য অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লিখিত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না।

২। এমতাবস্থায়, দাপ্তরিক কাজের শৃঙ্খলা রক্ষার স্বার্থে সূত্রোক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ (এক) পাতা।

০৪/১২/২০১৯

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)
-------------------------------- ইউনিট।
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং- পপঅ/প্রশা-১/পরিপত্র/সার্কুলার/৩৫০/২০১৬/ ৬৬৬২/১(৫)

তারিখ: ১৯, অগ্রহায়ণ ১৪২৬
৪, ডিসেম্বর ২০১৯

অনুলিপি (জ্ঞাতার্থে):
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
৩. অফিস কপি।